আপনার অ্যাম্বুলেন্স প্রতিষ্ঠানের সফটওয়্যার বেড কই-তে যুক্ত করুন

পার্টনার API নির্দেশিকা: অ্যাম্বুলেন্স প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ আর সফটওয়্যার ডেভেলপারদের জন্য

bedkoi.com · অক্টোবর ২০২৬

প্রশ্ন বা সাহায্য: ashfdev@gmail.com · +880 1819-385938 · অনলাইন নির্দেশিকা: bedkoi.com/bn/developers/ambulance

তৈরি করেছে ASH Devs, ASH Foundation-এর একটি আইটি উদ্যোগ

প্রথম অংশ · প্রতিষ্ঠানের কর্তৃপক্ষের জন্য

এটা কী, আর কী লাভ

বেড কই-তে কোনো পরিবার অ্যাম্বুলেন্স চাইলে (ওয়েবসাইট bedkoi.com, অ্যাপ, হেল্পলাইন বা হাসপাতাল থেকে) অনুরোধটি কাছের অ্যাম্বুলেন্স প্রতিষ্ঠানগুলোর কাছে যায়।

আপনার প্রতিষ্ঠানের নিজের গাড়ি পাঠানোর সফটওয়্যার থাকলে সেটি বেড কই-এর সঙ্গে যুক্ত করা যায়। তখন:

- নতুন অনুরোধ সরাসরি আপনার সফটওয়্যারে আসে; সেখান থেকেই নেওয়া বা না নেওয়া যায়। কাছের কয়েকটি প্রতিষ্ঠান একসঙ্গে পায়; যে আগে নেয়, অনুরোধ তার।
- ট্রিপের প্রতিটি ধাপ (রওনা, পৌঁছানো, রোগী ওঠা, গন্তব্যে নামানো) আর গাড়ির GPS অবস্থান আপনার সফটওয়্যার থেকেই বেড কই-তে যায়; পরিবার SMS পান আর তাঁদের পাতায় গাড়ি আসছে দেখেন।
- কোন গাড়ি খালি, তা আপনার সফটওয়্যার জানায়; প্যানেলে আলাদা করে চাপতে হয় না।
- ভাড়া হিসাব হয় আপনার প্রতিষ্ঠানের ভাড়ার তালিকা থেকেই; প্যানেলের সব নিয়ম একই থাকে।
- সফটওয়্যার যুক্ত করার জন্য আলাদা কোনো খরচ নেই।

চালু করার ধাপ

1. **বেড কই-তে যুক্ত হোন** (আগে না হয়ে থাকলে): bedkoi.com/bn/join/ambulance থেকে আবেদন করুন। যাচাইয়ের পর প্রতিষ্ঠানের অ্যাডমিন অ্যাকাউন্ট খুলে যায়।

2. **API কী বানান:** প্রতিষ্ঠানের অ্যাডমিন admin.bedkoi.com-এ ঢুকে বাঁ দিকের মেনু থেকে *সফটওয়্যার সংযোগ* পাতায় যান, নাম দিয়ে *নতুন কী বানান* চাপুন। কী একবারই দেখানো হয়; কপি করে নিরাপদে রাখুন।

3. **সফটওয়্যার প্রতিষ্ঠানকে দিন:** কী আর এই নির্দেশিকা আপনার সফটওয়্যার প্রতিষ্ঠান বা আইটি দলকে দিন। কী ইমেইলে খোলা লেখায় না পাঠিয়ে নিরাপদ পথে দিন।

4. **অনুরোধের খবরের ঠিকানা:** সফটওয়্যার প্রতিষ্ঠান একটি https ঠিকানা দেবে। একই পাতায় সেটি বসিয়ে সেভ করুন, তারপর *পরীক্ষা পাঠান* চাপুন। গোপন চাবি দেখালে সেটিও তাদের দিন।

5. **দেখে নিন:** একই পাতার *সাম্প্রতিক খবর*-এ প্রতিটি খবর “পৌঁছেছে” দেখালে সংযোগ ঠিক আছে।

নিরাপত্তা

- কী শুধু আপনার প্রতিষ্ঠানের অনুরোধ, ট্রিপ, গাড়ি আর চালকে কাজ করে। হাসপাতালের বেডের কী এখানে চলে না।
- কী হারালে বা কেউ চলে গেলে সঙ্গে সঙ্গে বাতিল করে নতুন কী বানান। কোনো অ্যাডমিন দল থেকে বাদ পড়লে তাঁর বানানো কী নিজে থেকেই বাতিল হয়।
- প্রতিটি খবর গোপন চাবি দিয়ে সই করা থাকে, আর শুধু https ঠিকানায় যায়।
- পরিবারের ফোন নম্বর আর রোগীর নাম পাওয়া যায় শুধু অনুরোধ নেওয়ার পর, প্যানেলের মতোই।

দ্বিতীয় অংশ · সফটওয়্যার ডেভেলপারদের জন্য

মূল কথা

ঠিকানা	`https://api.bedkoi.com/v1/partner/ambulance`
কী	প্রতিটি অনুরোধে X-Api-Key হেডারে (অথবা Authorization: Bearer bk_live_...)
ফরম্যাট	JSON (UTF-8); সময় ISO 8601, UTC; জায়গা lat আর lng (দশমিক ডিগ্রি)
সীমা	মিনিটে ১২০টি অনুরোধ
পরীক্ষা	খবরের ঠিকানা মিলিয়ে নিতে প্যানেলের “পরীক্ষা পাঠান” (খবর: ping)

ঠিকানাগুলো

`GET`	`/partner/ambulance/provider`	আপনার প্রতিষ্ঠান: নাম, অবস্থা, কোন জেলায় সেবা দেয়
`GET`	`/partner/ambulance/requests`	এখন আপনাকে দেওয়া অনুরোধ (offers), পুরনোটা আগে; আর চলমান ট্রিপ (trips)
`POST`	`/partner/ambulance/requests/{tripId}/accept`	অনুরোধ নিন: etaMinutes (কত মিনিটে পৌঁছাবেন), জানা থাকলে vehicleId আর driverId
`POST`	`/partner/ambulance/requests/{tripId}/decline`	নেবেন না
`GET`	`/partner/ambulance/trips`	আপনার ট্রিপ (status=active বা done, page, pageSize)
`GET`	`/partner/ambulance/trips/{tripId}`	একটি ট্রিপ: রোগী, পরিবারের ফোন, গন্তব্য, ধাপ, ভাড়া
`POST`	`/partner/ambulance/trips/{tripId}/assign`	গাড়ি আর চালক ঠিক করুন বা বদলান (vehicleId, driverId); নতুন চালক SMS-এ ট্রিপের লিংক পান
`POST`	`/partner/ambulance/trips/{tripId}/step`	পরের ধাপ, ক্রমে: ON_WAY (রওনা), ARRIVED (পৌঁছেছে), PICKED_UP (রোগী উঠেছেন), DROPPED (গন্তব্যে নামানো)
`POST`	`/partner/ambulance/trips/{tripId}/location`	গাড়ি কোথায় (lat, lng, আপনার GPS থেকে), রোগী নামানো পর্যন্ত; পরিবার তাঁদের পাতায় দেখেন
`POST`	`/partner/ambulance/trips/{tripId}/give-back`	যেতে পারছেন না (রোগী ওঠার আগে পর্যন্ত): অনুরোধ আবার অন্যদের কাছে যায় (reason)
`POST`	`/partner/ambulance/trips/{tripId}/fare`	শেষ ভাড়া, আপনার ভাড়ার তালিকা থেকে: km, waitMinutes, oxygenHours, bearer, tollTaka; আনুমানিক ভাড়ার অনেক বেশি হলে reason লাগে

POST	/partner/ambulance/trips/{tripId}/paid-cash	পরিবার চালককে নগদে দিয়েছেন: ট্রিপ শেষ
GET	/partner/ambulance/vehicles	আপনার গাড়ি, প্রতিটির অবস্থা (state) আর কতক্ষণ খালি ধরা হবে (freeUntil)
PUT	/partner/ambulance/vehicles/{vehicleId}/available	খালি বা বন্ধ: { "available": true }
GET	/partner/ambulance/drivers	আপনার চালক; BedKoi Driver অ্যাপে অনলাইন কিনা, কোন গাড়ি নিয়ে আর শেষ অবস্থান

অনুরোধ নেওয়া

- নতুন অনুরোধ এলে খবর আসে (ambulance.offer), অথবা GET requests দেখুন।
- কাছের কয়েকটি প্রতিষ্ঠান একসঙ্গে পায়; যে আগে নেয়, অনুরোধ তার। দেরি হলে 409 already_taken।
- নেওয়ার আগে পরিবারের ফোন নম্বর আর রোগীর নাম দেখানো হয় না; নেওয়ার পর trip-এ থাকে।

```
curl https://api.bedkoi.com/v1/partner/ambulance/requests \
  -H "X-Api-Key: bk_live_…"

{
  "offers": [
    {
      "tripId": "01a1…", "reference": "AM7K3Q9",
      "type": { "id": 2, "key": "ac", "nameEn": "AC ambulance", "nameBn": "এসি অ্যাম্বুলেন্স", … },
      "pickup": { "address": "Road 12, Dhanmondi", "lat": 23.746, "lng": 90.376, "area": "ধানমন্ডি" },
      "drop": { "address": "…", "lat": 23.738, "lng": 90.396, "area": "শাহবাগ", "hospital": { "nameEn":
"…", "nameBn": "…" } },
      "estimateKm": 4.2, "estimateMinTaka": 1800, "estimateMaxTaka": 2100,
      "condition": "শ্বাসকষ্ট", "floor": 3, "hasLift": false, "needsBearer": true,
      "distanceKm": 1.8, "sentAt": "2026-10-27T08:00:00.000Z", …
    }
  ],
  "trips": [ … ]
}
```

```
curl -X POST https://api.bedkoi.com/v1/partner/ambulance/requests/<tripId>/accept \
  -H "X-Api-Key: bk_live_…" -H "Content-Type: application/json" \
  -d '{ "etaMinutes": 12, "vehicleId": "01a2…", "driverId": "01a3…" }'
```

ট্রিপ চালানো

- গাড়ি আর চালক ঠিক করে (assign) ধাপগুলো ক্রমে পাঠান; রওনা আর পৌঁছানোর সময় পরিবার SMS পান।
- গাড়ির GPS থাকলে রোগী নামানো পর্যন্ত অবস্থান পাঠাতে থাকুন (প্রতি ২০–৩০ সেকেন্ডে একবার যথেষ্ট)।
- চালক তাঁর লিংক বা BedKoi Driver অ্যাপ থেকেও ধাপ দিতে পারেন; তখনও আপনার সফটওয়্যার খবর পায় (viaPartner: false)।
- গন্তব্যে পৌঁছে ভাড়া পাঠান; পরিবার নগদে দিলে paid-cash। অনলাইনে দিলে বেড কই নিজেই হিসাব রাখে।

```
curl -X POST https://api.bedkoi.com/v1/partner/ambulance/trips/<tripId>/step \
  -H "X-Api-Key: bk_live_…" -H "Content-Type: application/json" \
  -d '{ "step": "ON_WAY" }'

curl -X POST https://api.bedkoi.com/v1/partner/ambulance/trips/<tripId>/location \
  -H "X-Api-Key: bk_live_…" -H "Content-Type: application/json" \
  -d '{ "lat": 23.7461, "lng": 90.3742 }'

curl -X POST https://api.bedkoi.com/v1/partner/ambulance/trips/<tripId>/fare \
  -H "X-Api-Key: bk_live_…" -H "Content-Type: application/json" \
  -d '{ "km": 6.4, "waitMinutes": 15 }'
```

খালি গাড়ি

- অনুরোধ আসে শুধু খালি বলা গাড়ির জন্য। “খালি” কিছুক্ষণ পর পুরনো হয়ে যায় (freeUntil): গাড়ি খালি থাকলে তার আগে আবার জানান।
- ট্রিপে থাকা গাড়ি নিজে থেকেই বাদ পড়ে; ট্রিপ শেষে আবার খালি জানান।

```
curl -X PUT https://api.bedkoi.com/v1/partner/ambulance/vehicles/<vehicleId>/available \
  -H "X-Api-Key: bk_live_…" -H "Content-Type: application/json" \
  -d '{ "available": true }'
```

অনুরোধের খবর (ওয়েবহুক)

- প্যানেলের “সফটওয়্যার সংযোগ” পাতায় দেওয়া https ঠিকানায় বেড কই প্রতিটি খবর POST করে, সই করে। ১০ সেকেন্ডের মধ্যে ২xx উত্তর দিন; অন্য উত্তর বা দেরি হলে আরও ৫ বার চেষ্টা হয়। রিডাইরেক্ট মানা হয় না।
- প্রতিটি খবরে tripId আর reference থাকে; viaPartner বলে কাজটি আপনার সফটওয়্যারের কি না। একই খবর একাধিকবার আসতে পারে: X-BedKoi-Delivery দিয়ে চিনে দ্বিতীয়টি বাদ দিন।

`ambulance.offer`	আপনাকে একটি অনুরোধ দেওয়া হয়েছে (বিস্তারিত offer-এ); আগে নিলে আপনার
`ambulance.offer_closed`	যে অনুরোধের উত্তর দেননি সেটি আর নেই: reason হলো taken (অন্য কেউ নিয়েছে), cancelled বা expired
`ambulance.trip_updated`	আপনার ট্রিপ বদলেছে (পুরো ট্রিপ trip-এ)। change: accepted, assigned, step, fare, fare_answer (পরিবার ভাড়া মেনেছেন বা আপত্তি করেছেন), paid, fare_decided (বেড কই আপত্তির মীমাংসা করেছে)
`ambulance.trip_cancelled`	পরিবার বা বেড কই আপনার ট্রিপ বাতিল করেছে; গাড়ি পাঠানোর দরকার নেই
`ambulance.trip_given_back`	ট্রিপটি ফিরিয়ে দেওয়া হয়েছে (প্যানেল বা সফটওয়্যার থেকে); এটি আর আপনার নয়
`ping`	প্যানেলের “পরীক্ষা পাঠান”

```
POST https://dispatch.example.com/bedkoi
Content-Type: application/json
X-BedKoi-Event: ambulance.offer
X-BedKoi-Delivery: 01a1…
X-BedKoi-Timestamp: 1761552000
X-BedKoi-Signature: v1=5d41402abc4b2a76…

{
  "event": "ambulance.offer",
  "occurredAt": "2026-10-27T08:00:00.000Z",
  "tripId": "01a1…", "reference": "AM7K3Q9", "viaPartner": false,
  "offer": { "tripId": "01a1…", "pickup": { … }, "drop": { … }, "estimateKm": 4.2, "round": 0, … }
}
```

```
{
  "event": "ambulance.trip_updated",
  "occurredAt": "2026-10-27T08:14:00.000Z",
  "tripId": "01a1…", "reference": "AM7K3Q9", "viaPartner": false,
  "change": "step",
  "trip": { "id": "01a1…", "status": "ARRIVED", "phone": "+8801…", "patientName": "…", "vehicleId":
"01a2…", "driverId": "01a3…", "fare": { … } }
}
```

সই মিলিয়ে নিন

> X-BedKoi-Signature = v1= আর HMAC-SHA256(গোপন চাবি, X-BedKoi-Timestamp + "." + বডি), হেক্সে। বডি যেমন এসেছে তেমনই (কাঁচা) ব্যবহার করুন। সই না মিললে বা ৫ মিনিটের বেশি পুরনো হলে খবরটি ফেলে দিন।

```
import { createHmac, timingSafeEqual } from "node:crypto"

export function fromBedKoi(rawBody, headers, secret) {
  const ts = headers["x-bedkoi-timestamp"]
  const sent = headers["x-bedkoi-signature"] ?? ""
  if (Math.abs(Date.now() / 1000 - Number(ts)) > 300) return false
  const expected = "v1=" + createHmac("sha256", secret).update(ts + "." + rawBody).digest("hex")
  return sent.length === expected.length && timingSafeEqual(Buffer.from(sent), Buffer.from(expected))
}
```

```
<?php
$raw = file_get_contents('php://input');
$ts  = $_SERVER['HTTP_X_BEDKOI_TIMESTAMP'] ?? '';
$sig = $_SERVER['HTTP_X_BEDKOI_SIGNATURE'] ?? '';
$expected = 'v1=' . hash_hmac('sha256', $ts . '.' . $raw, getenv('BEDKOI_WEBHOOK_SECRET'));
if (abs(time() - (int) $ts) > 300 || !hash_equals($expected, $sig)) { http_response_code(401); exit; }
$event = json_decode($raw, true);   // save it, then answer quickly
http_response_code(200);
```

```
// C# (.NET)
using System.Security.Cryptography; using System.Text;

static bool FromBedKoi(string rawBody, string ts, string sent, string secret) {
    if (Math.Abs(DateTimeOffset.UtcNow.ToUnixTimeSeconds() - long.Parse(ts)) > 300) return false;
    using var h = new HMACSHA256(Encoding.UTF8.GetBytes(secret));
    var hex = Convert.ToHexString(h.ComputeHash(Encoding.UTF8.GetBytes(ts + "." +
rawBody))).ToLowerInvariant();
    return CryptographicOperations.FixedTimeEquals(Encoding.UTF8.GetBytes("v1=" + hex),
Encoding.UTF8.GetBytes(sent));
}
```

ভুল হলে

400	পাঠানো তথ্য ঠিক নয়; message-এ কারণ লেখা থাকে
401	api_key_missing বা api_key_invalid (কী নেই, ভুল বা বাতিল)
404	আপনার প্রতিষ্ঠানে এমন অনুরোধ, ট্রিপ বা গাড়ি নেই
409	ট্রিপ আগেই বদলে গেছে: already_taken (অন্য কেউ নিয়েছে), offer_closed, not_after_… (ধাপ ক্রমে নয়), vehicle_busy (গাড়ি অন্য ট্রিপে), provider_stopped (প্রতিষ্ঠান এখন অনুরোধ নিতে পারছে না)
429	সীমা পেরিয়েছে; একটু পরে আবার চেষ্টা করুন

যেভাবে সাজালে ভালো

- ambulance.offer পেলে সঙ্গে সঙ্গে প্রেরকের পর্দায় দেখান (শব্দসহ); দেরি করলে অন্য কেউ নিয়ে নেয়।
- গাড়ি খালি হলেই আর freeUntil-এর আগে আবার PUT /vehicles/{id}/available।
- ট্রিপ চলাকালে GPS অবস্থান পাঠান, আর ধাপ বদলালেই step।
- কী আর গোপন চাবি সার্ভারে রাখুন, ব্রাউজার বা মোবাইল অ্যাপে কখনো নয়।

প্রশ্ন বা সাহায্য: ashfdev@gmail.com · +880 1819-385938 · অনলাইন নির্দেশিকা: bedkoi.com/bn/developers/ambulance